

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩২৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৮০]

১৬। হজ্জ (حما باكذ)

পরিচ্ছেদঃ ৮৭. মহামারী ও দাজ্জালের প্রবেশ থেকে মদীনাহ সুরক্ষিত

باب صِيَانَةِ الْمَدِينَةِ مِنْ دُخُولِ الطَّاعُونِ وَالدَّجَّالِ إِلَيْهَا

আরবী

وَحَدَّتَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ، وَقُتَيْبَةُ، وَابْنُ، حُجْرٍ جَمِيعًا عَنْ إِسْمَاعِيلَ بْنِ جَعْفَرٍ، أَخْبَرَنِي الْعَلاَءُ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " يَأْتِي الْمَسِيحُ مِنْ قِبَلِ الْمَشْرِقِ هِمَّتُهُ الْمَدِينَةُ حَتَّى يَنْزِلَ دُبُرَ أُحُدٍ ثُمَّ تَصْرِفُ الْمَلاَئِكَةُ وَجْهَهُ قِبَلَ الشَّامِ وَهُنَالِكُ " .

বাংলা

৩২৪২-(৪৮৬/১৩৮০) ইয়াহইয়া ইবনু আইয়ুব, কুতায়বাহ ও ইবনু হুজর (রহিমাহুমাল্লাহ) আবূ হুরায়রা (রাযিঃ) থেকে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মাসীহ (দাজ্জাল) মদীনাহ্ আক্রমণের উদ্দেশে এসে উহুদ পাহাড়ের পশ্চাতে অবতরণ করবে এবং মালায়িকাহ্ তার মুখ (গতি) সিরিয়ার দিকে ফিরিয়ে দিবে আর তথায় সে ধ্বংস হবে ৷* (ইসলামিক ফাউন্ডেশন ৩২১৭, ইসলামীক সেন্টার ৩২১৪)

English

Abu Huraira (Allah be pleased with him) reported Allah's Messenger (ﷺ) as saying:

Dajjal will come from the eastern side with the intention of attacking Medina until he will get down behind Uhud. Then the angels will turn his face towards Syria and there he will perish.

ফুটনোট

* মাসীহ শব্দটি ঈসা (আঃ) এবং দাজ্জাল সম্পর্কে ব্যবহৃত হয়েছে। এর দুটি অর্থ বিদ্যমান। (ক) স্পর্শকারী এ অর্থগ্রহণ করার কারণ হল ঈসা (আঃ) কোন রোগীকে স্পর্শ করতেন সে ভাল হয়ে যেতো। (খ) মামসূহ- তথা মিলানো বা লেপটানা- এটা দাজ্জাল সম্পর্কে ব্যবহার করা হয়েছে কেননা তার একচোখ লেপটানো টেরা। এজন্য



তাকে মাসীহ বলা হয়। অথবা সে নিজেকে মাসীহ দাবী করবে ফলে লোকেরা তার ধোকায় পড়ে ধ্বংস হবে। কিন্তু তারা নয় যাদেরকে আল্লাহ হিদায়াত দিয়েছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন